দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং - ৪২/২০২৫ তারিখ: ১৭/০৭/২০২৫ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

**সি এন্ড এফ এজেন্টদের ট্রেড লাইসেন্স নবায়নের সুবিধার্থে**

**অত্র এসোসিয়েশন কার্যালয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অস্থায়ী বুথ স্থাপন**

সম্মানিত সদস্যবৃন্দকে অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, সি এন্ড এফ প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স নবায়ন প্রক্রিয়াকে আরও দ্রুত, সহজ ও সেবামুখী করার লক্ষ্যে অত্র এসোসিয়েশন কার্যালয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের একটি অস্থায়ী বুথ স্থাপন করা হচ্ছে।

গত ২২শে জুন, ২০২৫ খ্রি. চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র মহোদয়ের সাথে অত্র এসোসিয়েশন কার্যালয়ে অনুষ্ঠিত এক মতবিনিময় সভায় এসোসিয়েশনের পক্ষ থেকে এ বিষয়ে অনুরোধের প্রেক্ষিতে মেয়র মহোদয় সদয় সম্মতি জ্ঞাপন করে একটি অস্থায়ী বুথ স্থাপনের জন্য তাঁর দপ্তরকে নির্দেশ প্রদান করেন।

এ প্রেক্ষিতে **আগামী ২০ জুলাই ২০২৫ খ্রি. রবিবার হতে প্রতিদিন (সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) সকাল ১১:০০টা থেকে বিকাল ৩:০০টা** পর্যন্ত চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট টীম এসোসিয়েশন কার্যালয়ে উপস্থিত থেকে সদস্য সি এন্ড এফ এজেন্টদের ট্রেড লাইসেন্স নবায়নের আবেদন ও নবায়ন ফি গ্রহণ করবেন।

**ট্রেড লাইসেন্স নবায়নের জন্য নিম্নোক্ত দলিলাদি দাখিল করতে হবে।**

১. ট্রেড লাইসেন্সের মূল কপি
২. ট্রেড লাইসেন্সের স্বচ্ছ ফটোকপি (দুই কপি)
৩. প্রযোজ্য নবায়ন ফি

এসোসিয়েশনের উদ্যোগে গৃহীত এ সেবামূলক কার্যক্রমের মাধ্যমে দ্রুত ও ঝামেলাহীনভাবে ট্রেড লাইসেন্স নবায়ন সংক্রান্ত তাৎক্ষণিক সেবা গ্রহণের জন্য সম্মানিত সদস্যবৃন্দকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

**মোঃ শওকত আলী**
সাধারণ সম্পাদক